দৈনিক ইত্তেফাক

তারিখ 16 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 6

১৪

011

পরীক্ষার্থী সাড়ে চার লক্ষ

# আজ এস এস সি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

আজ ( বৃহস্পতিবার ) দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে সারা-দেশে ১৯৮৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস, এস, সি) পরীক্ষা শুরু হইতেছে।

বিদেশের ৭টি কেন্দ্রসহ মোট ৪ শত ৯১টি কেন্দ্রে এইবারের পরীক্ষার্থীসংখ্যা ৪ লক্ষ ৪৯

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এস, এস, সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

হাজার ৩শত ৪২। এই বছর উপজেলা সদরের বাহিরের সকল সাধারণ পরীক্ষা কেন্দ্র তুলিয়া দেওয়া হইয়াছে এবং পরীক্ষার্থীদের সুবিধার্থে পরীক্ষা ৩রা এপ্রিলের মধ্যে শেষ করার ব্যবস্থা নওয়া হইয়াছে। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল (বুধবার) সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে বলেন, পরীক্ষায় অসদুপায় অবলম্বন রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এই বছর এই সকলসহ বেশ-

( ২য় পৃঃ দ্রঃ )

## এসএসসি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

কিছু ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। এ বছরের পরীক্ষার্থীদের মধ্যে মোট ছাত্রী হইতেছে ১ লাখ ৩৭ হাজার ২ শত ১১। বিদেশের ৭টি পরীক্ষাকেন্দ্র জেদ্দা, রিয়াদ, ত্রিপোলী, দোহা, আবুধাবী, কুয়েত ও লণ্ডনে ত্রিশজন ছাত্র ও দশজন ছাত্রী পরীক্ষায় অংশ নিতেছেন। ১৯৮৮ সালে উপজেলা সদরের বাহিরে যে ৪৮টি পরীক্ষাকেন্দ্র ছিল ঐগুলি বাতিল করা হইয়াছে।

ঢাকা বোর্ডের ১ শত ৩৮টি পরীক্ষাকেন্দ্রে এই বছর ৮৬ হাজার ৪ শত ৯৩ জন ছাত্র ও ৫২ হাজার ৮০ জন ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হইয়াছে। কুমিল্লা বোর্ডের পরীক্ষা কেন্দ্র ১ শত ২১, তালিকাভুক্ত পরীক্ষার্থীর মধ্যে ৭৮ হাজার ২৮ জন ছাত্র এবং ৩৫ হাজার ৬ শত ৮ জন ছাত্রী। রাজশাহী বোর্ডে পরীক্ষার্থীদের ৮৬ হাজার ২ শত ৩৯ জন ছাত্র ও কুড়ি হাজার ৭ শত আশিজন ছাত্রী, পরীক্ষাকেন্দ্র ১ শত ৩২। যশোর বোর্ডের ১ শত পরীক্ষাকেন্দ্রে ৬১ হাজার ৩ শত ৭১ জন ছাত্র ও ২৮ হাজার ৭ শত ৪৩ জন ছাত্রী পরীক্ষায় অংশ-গ্রহণের জন্য তালিকাভুক্ত।